

Elizabeth A. Rose
Deputy Chancellor
Division of Operations

52 Chambers Street
New York, NY 10007

212 374 7868 Tel
212 374 5588 Fax

28 এপ্রিল, 2017

প্রিয় পরিবারবর্গ এবং কর্মীবৃন্দ:

আমাদের সর্বোচ্চ অগ্রবিবেচ্য বিষয় হলো শিক্ষার্থী ও স্কুলকর্মীদের নিরাপত্তা ও কল্যাণ। আমি আনন্দের সাথে আপনাদেরকে জানাচ্ছি যে, ডিপার্টমেন্ট অভ এডুকেশন (ডিওই) সিটির সকল পাবলিক স্কুলে পানি পরীক্ষা সম্পন্ন করেছে। নিউ ইয়র্ক সিটির পানি নিরাপদ এবং পরিবার ও স্কুলকর্মীদের সবাই আশ্বস্ত থাকতে পারেন যে, আমাদের পান করার পানি বিশ্বের সেরা।

সিটি তার নিজস্ব জলাধার সংরক্ষণ করে যা আমাদের জলাধারগুলোকে নিয়ন্ত্রণ ও সুরক্ষিত রাখে, এবং পুরো ব্যবস্থা জুড়ে বিভিন্ন স্থানে সে পানি প্রতি বছর 500,000 বার পরীক্ষা করা হয়। এসব ব্যাপক ব্যবস্থার বাইরেও স্কুলগুলোতে আমাদের শিক্ষার্থীদের নিরাপদ পানীয় জল পাওয়ার ব্যবস্থা নিশ্চিত করার জন্য ডিপার্টমেন্ট অভ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন এবং ডিপার্টমেন্ট অভ এনভায়রনমেন্টাল প্রটেকশন-এর সাথে ডিওই কাজ করে। নিউ ইয়র্ক সিটির স্কুলগুলোতে পানির কারণে লেড পয়জনিং (সীসা থেকে বিষাক্ততা)-এর ঘটনা কখনোই ঘটেনি।

যেকোন বিন্ডিংয়ে, যেখানে সীসা পরীক্ষার সর্বশেষ পরীক্ষার ফলাফলে একটি পানির আউটলেটে প্রতি বিলিয়নে 15 পার্ট স্তরের উপরে সীসা রয়েছে বলে দেখা গেছে, আমরা আমাদের প্রমিত ব্যবস্থার নিয়ম বাস্তবায়ন করেছি। এর অন্তর্ভুক্ত আছে, যে আউটলেটগুলোতে পানীয় ও রান্নার কাজে ব্যবহৃত পানিতে মাত্রাতিরিক্ততা দেখা গেছে, সেগুলোর ব্যবহার অবিলম্বে বন্ধ করে দেওয়া, রাতব্যাপী পাইপে জমা সিস্টেমের সব অথবা আশিংক পানি নিষ্কাশন করা, যন্ত্রপাতি পরিবর্তন করা এবং পরিবর্তিত পরীক্ষায় মাত্রাতিরিক্ততা না থাকা পর্যন্ত আউটলেটটি ব্যবহার বন্ধ রাখা।


পুরো ব্যবস্থা জুড়ে স্টেটের মান ব্যবহার করে পরীক্ষা দেখা গেছে আমাদের 92% সরঞ্জামের মাত্রা নির্ধারিত স্তরের নিচে আছে। এটা দেখাচ্ছে যে, আমাদের স্কুল ভবনগুলোর পানিতে কোন পদ্ধতিগত সমস্যা নেই এবং আমাদের মেরামতির নিয়মকানুনগুলো ক্রিয়াশীল। আমাদের প্রাপ্ত ফলাফল স্টেটের বিভিন্ন ডিস্ট্রিক্টগুলোর চাইতে তুলনামূলকভাবে ভালো।

বিগত কয়েক মাসব্যাপী সবগুলো স্কুলের ফলাফলের বিস্তারিত তথ্য জানিয়ে স্কুল কমিউনিটিগুলোর কাছে চিঠি দেওয়া হয়েছে। সবগুলো স্কুলের চিঠি তাদের ডিওই ওয়েবসাইটে দেওয়া আছে, সাথে আছে ল্যাবরেটরির পরীক্ষার পূর্ণাঙ্গ ফলাফল। ডিওই ওয়েবসাইটে আপনাদের জন্য সামগ্রিক তথ্য সহজলভ্য করে উপস্থাপন করা আপনাদের সাথে আমাদের অংশীদারত্বের গুরুত্বপূর্ণ অংশ।

অনুগ্রহ করে প্রতিটি স্কুলে পানীয় পানির নিরাপত্তা নিশ্চিতকরণে আমরা যে কঠোর ব্যবস্থা গ্রহণ করি সে সম্পর্কে আরও জানতে <http://schools.nyc.gov/AboutUs/schools/watersafety.htm> ওয়েবসাইট দেখুন।

আপনাদের এবং সিটির সর্বত্র ছেলেমেয়েদের উচ্চ মানসম্পন্ন শিক্ষার সুযোগ প্রদানে আমাদের সাথে অংশীদারত্বের জন্য আপনাদেরকে ধন্যবাদ। আপনার কোন প্রশ্ন থাকলে অনুগ্রহ করে আপনার স্কুলে যোগাযোগ করুন।

আপনাদের বিশ্বস্ত,



এলিজাবেথ এ. রোজ